একবিংশ বর্ষ (প্রথম সংখ্যা)
জানুয়ারি ২০১০


# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

প্রিয় সতীর্থ,

আগামী ১৪ ফেব্রুয়ারি ২০১০ (রবিবার) বিদ্যামন্দিরে সারাদিনব্যাপী পুনর্মিলন উৎসবে সপরিবারে যোগ দিতে আপনাকে সাদর আমন্ত্রণ জানাই। অনুষ্ঠানসূচী ও অন্যান্য জ্ঞাতব্য তথ্য ভেতরের পাতায় দেওয়া হ'ল।

সশ্রদ্ধ অভিনন্দন সহ—

বিদ্যামন্দির | মনোজকুমার ভট্টাচার্য
১ জানুয়ারি ২০১০ | *কর্মসচিব*



**He who adjusts himself best lives the longest.**
*—Swami Vivekananda*

## সম্পাদকীয়

*বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের মুখপত্র 'বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা' একবিংশ বর্ষে পদার্পণ করল এ বছরেই এবং এটি তার প্রথম সংখ্যা। বিদ্যামন্দির সমাচার (**Vidyamandira News**) এবং প্রাক্তনী সংসদ সমাচারের মাধ্যমে যথাক্রমে কর্মময় বিদ্যামন্দিরের উল্লেখযোগ্য ঘটনাবলী, প্রাক্তনী সংসদের **Health Care Project** এবং বিদ্যামন্দির ও বিশ্ববিদ্যালয়ে পাঠরত মেধাবী এবং আর্থিক দিক থেকে দুর্বল ছাত্রদেরকে যথাসাধ্য আর্থিক সাহায্যদানের দ্বারা বিদ্যামন্দিরে লব্ধ জ্ঞান 'শিবজ্ঞানে জীবসেবা'-র প্রায়োগিক দিকটি তুলে ধরার চেষ্টা করা হয় প্রাক্তনীবার্তায়।*

*নানাকারণে সনাতন ভারতীয় মূল্যবোধগুলি দেশ থেকে প্রায় মুছে যেতে চলেছে ; সেজন্য বিদ্যালয় ছাত্র-ছাত্রীদের মধ্যে মূল্যবোধ ও জাতীয়তাবোধ জাগিয়ে তোলার উদ্দেশ্যে প্রাক্তনী সংসদের উদ্যোগে ১৯৯৪-৯৫-এ যে জেলাভিত্তিক বিবেকানন্দ সম্মেলনের আয়োজন করা হয়েছিল তা নিরবচ্ছিন্নভাবে অদ্যাবধি অনুষ্ঠিত হয়ে চলেছে প্রতিবছর। পরবর্তীকালে বিদ্যামন্দিরও এই উদ্যোগে সামিল হয়। এই সম্মেলনের সচিত্র সংবাদ পরিবেশনের চেষ্টা করা হয় প্রাক্তনীবার্তায়। থাকে প্রাক্তনীদের উল্লেখযোগ্য কৃতিত্বের সংবাদও। গত ১৫ আগস্ট, ২০০৯-এ অনুষ্ঠিত সংসদের বার্ষিক সাধারণ সভায় ২০০৯-১২ সময়ের জন্য সংসদের নতুন কর্মসমিতি (**Executive Committee**) গঠিত হয়েছে; এই কর্মসমিতির সদস্য ও পদাধিকারীদের নাম মুদ্রিত হল এ সংখ্যায়।*

*আগামী ১৪ ফেব্রুয়ারি ২০১০-এ অনুষ্ঠিত হবে বিদ্যামন্দিরের প্রাক্তনীদের ২১তম পুনর্মিলন উৎসব। এই উৎসবের বিস্তারিত কর্মসূচীসহ আমন্ত্রণলিপি প্রাক্তনীবার্তার বর্তমান সংখ্যায় প্রকাশিত হল যাতে যথেষ্ট আগে থেকেই প্রাক্তনীরা পুনর্মিলন উৎসবে যোগদানের প্রস্তুতি নিতে পারেন। কর্মসমিতির সভায় স্থির হয়েছে ব্যয় সংকোচের জন্য পুনর্মিলন উৎসবের পৃথক আমন্ত্রণপত্র পাঠানো হবে না। অন্যান্যবারের মত এবারেও প্রাক্তনীরা দলে দলে পুনর্মিলন উৎসবে যোগদান করে এই উৎসবকে সাফল্যমণ্ডিত করে তুলবেন—এই আশা ও বিশ্বাস।*

নিত্যনিরঞ্জন কুণ্ডু, *প্রধান সম্পাদক*

## জরুরী আবেদন

পুনর্মিলন উৎসব ২০১০ উপলক্ষে প্রকাশিতব্য স্মারকপত্রিকার জন্য বিজ্ঞাপন সংগ্রহ আশানুরূপ হয়নি। গত AGM-এর আমন্ত্রণ পত্রের সঙ্গে বিজ্ঞাপনের Contract Form সকল সদস্যের কাছে আমরা পৌঁছে দিয়েছি। দ্রুত বিজ্ঞাপন পাঠিয়ে পুনর্মিলন উৎসব এবং প্রাক্তনী সংসদের অন্যান্য উদ্যোগকে সফল করে তুলুন। প্রয়োজনীয় Contract Form এবং আবেদনপত্র প্রাক্তনী সংসদের Website থেকে ডাউনলোড করে নেওয়া যেতে পারে।

মনোজ কুমার ভট্টাচার্য, *কর্মসচিব*

# আনন্দ সংবাদ

☺ পশ্চিমবঙ্গ পুলিশের অবসরপ্রাপ্ত ডিরেক্টর জেনারেল, বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৬৫-৬৮), শ্রী সুজিত সরকার ডিসেম্বর ৩, ২০০৯-এ পশ্চিমবঙ্গের চিফ ইনফরমেশন কমিশনার হিসাবে শপথ গ্রহণ করেন। শপথবাক্য পাঠ করান তদানীন্তন রাজ্যপাল মাননীয় শ্রী গোপাল কৃষ্ণ গান্ধী। হার্দিক অভিনন্দন শ্রী সরকারকে।

☺ বিদ্যামন্দিরের বাংলাভাষা ও সাহিত্য বিভাগের অবসরপ্রাপ্ত বিভাগীয় প্রধান অধ্যাপক ডঃ মহীতোষ বিশ্বাস তাঁর লেখা বাবাসাহেব আম্বেদকারের জীবনী ভিত্তিক উপন্যাস 'বিন্ খংগড়ৈ সংগ্রাম' (২০০৪)-এর জন্য সম্প্রতি ত্রিপুরা সরকার কর্তৃক "দলিত সাহিত্য-সংস্কৃতি পুরস্কার"-এ সম্মানিত হয়েছেন। আগরতলায় একটি বিশেষ অনুষ্ঠানে তাঁর হাতে এই পুরস্কার তুলে দেওয়া হয়। তাঁর এই সম্মাননায় আমরাও গর্বিত!

☺ বিশ্বনাথ দাস, ধীমান গাঙ্গুলী, শ্রাবণী দে-র উদ্যোগে বিদ্যামন্দিরে প্রবেশের (১৯৫৯-৬১) সুবর্ণজয়ন্তী সানন্দে অনুষ্ঠিত হল দক্ষিণ কলকাতার 'অনিতা গেস্ট হাউস'-এ ২০০৯-এর ২০ ডিসেম্বর। কল্যাণ বসু, অমলেন্দু দত্তগুপ্ত, অজয় পাল-এর উদ্যোগে আগের ব্যাচের (১৯৫৮-৬০) বেশ কয়েকজন সতীর্থও অংশ নিয়েছেন এই আনন্দমুখর ছোট্ট পুনর্মিলনে, অধিকাংশই সপরিবারে। উপস্থিতির সংখ্যা ছিল প্রায় ৭০ জন।

☺ আমেরিকা প্রবাসী বিশিষ্ট প্রাক্তনী (১৯৫৫-৫৭) ও প্রখ্যাত ক্যান্সার রোগ বিশেষজ্ঞ ডাঃ দেবীপ্রসাদ চৌধুরীর আর্থিক সহায়তায় (প্রায় দশ লাখ টাকা) বিদ্যামন্দির গ্রন্থাগারের উপরে তাঁর বাবা-মা'র স্মরণে "আশা-জ্যোতি-কনফারেন্স হল" নামে একটি শীতাতপ নিয়ন্ত্রিত সভাগৃহের উদ্বোধন হয় ২৪ ডিসেম্বর ২০০৯-এ। ডাঃ চৌধুরী ছাড়াও এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সম্পাদক মহারাজসহ বিশিষ্ট সন্ন্যাসীবৃন্দ, প্রাক্তন ও বর্তমান ছাত্রবৃন্দ। প্রাক্তনী সংসদের পক্ষ থেকে ডাঃ চৌধুরীকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

*সম্পাদক*

# শোক সংবাদ

✣ বিদ্যামন্দির তথা রামকৃষ্ণ মিশন সারদাপীঠের সম্পাদক স্বামী অজরানন্দজী ১৫.০৭.০৯-এ বিকেল ৪.৫০ মিনিটে ভুবনেশ্বর মঠে তাঁর নশ্বর দেহ ত্যাগ করেন। পরদিন বেলুড়মঠে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়। সদালাপী, সুরসিক এবং সুদক্ষ এই প্রশাসকের অকাল প্রয়াণে সকলেই গভীর শোকাহত। বিদ্যামন্দিরের পক্ষ থেকে ১৮.০৭.০৯ তারিখে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্যে বিবেকানন্দ সভাগৃহে ভাবগম্ভীর একটি স্মরণসভার আয়োজন করা হয়।

✣ ১৯৭৩-৭৬-এর প্রাক্তনী অরবিন্দ সামুই ১১.০৭.০৯ তারিখে লোকান্তরিত হয়েছেন। ইংরাজী সাম্মানিক-এর প্রাক্তনী শ্রী সামুই তারকেশ্বর মহাবিদ্যালয়ে শিক্ষকতা করতেন। শ্রীরামকৃষ্ণ-বিবেকানন্দ ভাবান্দোলনের সঙ্গে তাঁর নিবিড় সংযোগ ছিল। তাঁর এই অকালপ্রয়াণে আমরা শোকস্তব্ধ।

✣ ১৯৫৬-৫৮-এর প্রাক্তনী দীপক সান্যাল গত ৩০.১০.০৯ তারিখে প্রয়াত হয়েছেন। শ্রীযুক্ত সান্যাল কর্মজীবনে পুলিশ বিভাগে নানা গুরুদায়িত্ব বহন করে শেষ পর্যন্ত পশ্চিমবঙ্গ পুলিশের ইন্সপেক্টর জেনারেল হিসেবে অবসর গ্রহণ করেন। নিরভিমান এই মানুষটি বিভিন্ন জনহিতকর কাজে সহযোগিতা করেছেন নানা সময়ে। শোকসন্তপ্ত চিত্তে তাঁর আত্মার সদগতি কামনা করি।

✣ বিদ্যামন্দিরের প্রথম ব্যাচ ১৯৪১-৪৩-এর প্রাক্তনী শ্রী রবীন্দ্রনাথ মুখার্জী গত ২৩ ডিসেম্বর ২০০৯ তারিখে পরলোকগমন করেছেন। কলকাতা পুলিশে কর্মজীবন কাটানো ছাড়াও, তাঁর বিশেষ পরিচয় ছিল কলকাতার ক্রীড়া জগতের সঙ্গে। সেখানে ফুটবল খেলোয়াড় হিসেবে যেমন তিনি পরিচিত ছিলেন, তেমনি কোচিংও দিয়েছেন বেশ কিছুকাল। বিদ্যামন্দিরের সঙ্গে তাঁর ছিল নাড়ীর যোগ। শোকতপ্ত চিত্তে আমরা তাঁর আত্মার সদ্‌গতি প্রার্থনা করি।

*সম্পাদক*

# প্রাক্তনী সংসদ সমাচার

বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ সকলের সহযোগিতায় তার সুনির্দিষ্ট লক্ষ্যের দিকে এগিয়ে চলেছে। আলোচ্য সময়কালে সংসদের প্রধান কাজকর্মের একটি সংক্ষিপ্ত সূচী দেওয়া হল।

**স্বাস্থ্য প্রকল্প ঃ** গত ১৪ মার্চ, ২০০৯ তারিখে বেলুড় শ্রমজীবী হাসপাতালে এই প্রকল্পটি নবপর্যায়ে শুরু হওয়ার পর থেকে হাসপাতাল কর্তৃপক্ষের সহায়তায় এটি বেশ সাফল্যের সঙ্গে চলছে। কিন্তু এই প্রকল্পের তহবিলে অর্থের পরিমাণ প্রয়োজনের তুলনায় খুব সামান্য। সেইজন্য ইচ্ছা থাকলেও শ্রমজীবী হাসপাতালের আর্থিকভাবে দুর্বল দুঃস্থ রোগীদের চিকিৎসার জন্য আর্থিক সাহায্য সবসময় দেওয়া সম্ভব হচ্ছে না। প্রাক্তনীরা যদি সংসদের অন্যান্য প্রকল্পের তহবিলগুলির সাথে সাথে এই তহবিলটি পুষ্ট করেন তাহলে সংসদের সেবাকার্য আরও ত্বরান্বিত হবে। প্রাক্তনী শ্রী দেবাশীষ ঘোষের পিতা শ্রী আনন্দমোহন ঘোষ ও প্রাক্তনী ডাঃ সত্যব্রত পাল মহাশয় এই তহবিলে আর্থিক অনুদান অব্যাহত রেখেছেন।

**ছাত্রবৃত্তি প্রকল্প ঃ** ১৯৬৮-৭১ বর্ষের প্রাক্তনীরা ২৮ নভেম্বর, ২০০৯ তারিখে বিদ্যামন্দিরে একত্রিত হয়েছিলেন। এবারে তাঁদের লক্ষ্য ২০০৯-২০১০ অর্থবর্ষের মধ্যে ৫ লক্ষ টাকা প্রাক্তনী সংসদের হাতে তুলে দেওয়া। তাঁদের এই শুভ উদ্যোগের জন্য সংসদের পক্ষ থেকে আন্তরিক সাধুবাদ জানাই। প্রসঙ্গত উল্লেখযোগ্য, ব্যবসায়ী শ্রী রাধেশ্যাম ঢনঢনিয়া এই প্রকল্পে দুটি বর্তমান ছাত্রের পড়াশুনার জন্য ছাত্রবৃত্তি দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন এবং এককালীন ২১,০০০ টাকা এই বাবদ সংসদ সম্পাদকের হাতে তুলে দিয়েছেন। তাঁকে সংসদের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাই। এছাড়া পূর্ববর্তী প্রাক্তনীবার্তা প্রকাশনার পর থেকে যে সমস্ত প্রাক্তনী এই তহবিলে অর্থ প্রদান করেছেন তাঁরা হলেন—শ্রীসিতাম্বু শেখর চ্যাটার্জ্জী (১০০১ টাকা), শ্রী চন্দ্রকান্ত ঘোষ (২০,০০০ টাকা), শ্রী সুভাষচন্দ্র পাঁজা (৫,২০০ টাকা), শ্রী শঙ্কর কুমার বিশ্বাস (১০,০০০ টাকা), শ্রী সুবীর কুমার মুখার্জ্জী (১৫,০০০ টাকা) এবং শ্রী অপ্রতিম মাইতি (১,০০৫ টাকা)।

এছাড়া অন্যান্য প্রকল্পে যাঁরা অর্থ প্রদান করেছেন তাঁরা হলেন ঃ ২০০২-২০০৫ বর্ষের প্রাক্তনীরা ৭,৫০০ টাকা (ছাত্রবৃত্তি প্রকল্প), শ্রী প্রদীপ সরকার-৫০০০ টাকা (১৯৬৮-৭১ বর্ষের প্রাক্তনী তহবিল), শ্রী নিত্যানন্দ দাস-১,০০০ টাকা (স্বাস্থ্য প্রকল্প), শ্রী প্রবীর কুমার মিত্র-৫০০ টাকা (স্বাস্থ্য প্রকল্প), শ্রী সিতাম্বু শেখর চ্যাটার্জী-১০০০ টাকা (স্বাস্থ্য প্রকল্প)।

**সাধারণ তহবিল ঃ** এই তহবিলে অর্থ সাহায্য করেছেন ঃ শ্রী অশোক বিশ্বাস-১,০০০ টাকা, শ্রী মৃণালকান্তি কাঞ্জিলাল-৬০০ টাকা, শ্রীমতী অলোকা দাস (প্রাক্তনী ঁতারাপদ দাসের স্ত্রী)-১,০০০ টাকা, শ্রী তুহিন গাঙ্গুলী-১,০০ টাকা, শ্রী শচীন্দ্রকুমার চক্রবর্ত্তী-৩১০ টাকা, শ্রী অশোক কৃষ্ণ ব্যানার্জ্জী-৫০০ টাকা, শ্রী শ্যামাপদ দে-১০০ টাকা, শ্রী নির্মলেন্দু শাসমল-১০০ টাকা, শ্রী কিষান সিংহরায়-৫০০ টাকা, শ্রী শিবপ্রসাদ ভট্টাচার্য-১,২০০ টাকা, শ্রী কল্যাণ বোস-৫০ টাকা, শ্রী শুভজিৎ দত্ত-১,৫০০ টাকা।

**আর্থিক সহায়তা ঃ সদ্যপ্রাক্তনী ছাত্রবৃত্তি তহবিল—**

হেমচন্দ্র গঙ্গোপাধ্যায় স্মারক ছাত্রবৃত্তি তহবিল—প্রাপক ঃ শ্রীনিতাইচন্দ্র মাইতি, যাদবপুর বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান)-৩,৫০০ টাকা।
চন্দ্রনাথ দে স্মারক ছাত্রবৃত্তি তহবিল—প্রাপক ঃ শ্রী নিলয় দে, যাদবপুর বিশ্ববিদ্যালয় (দর্শনশাস্ত্র)-২,০০০ টাকা।
আশুতোষ দাস স্মারক ছাত্রবৃত্তি তহবিল—প্রাপক ঃ শ্রী রাজীব কুমার গিরি, কলিকাতা বিশ্ববিদ্যালয় (ইতিহাস)-২,৫০০ টাকা।
২০০২-২০০৫ বর্ষ ছাত্রবৃত্তি তহবিল—প্রাপক ঃ শ্রী শান্তনু চক্রবর্ত্তী, যাদবপুর বিশ্ববিদ্যালয় (ইতিহাস)-২,৫০০ টাকা। শ্রী সায়ন্তন মন্ডল, হায়দ্রাবাদ বিশ্ববিদ্যালয় (ইংরাজী)-৫,০০০ টাকা।

**রানী রাসমণি স্মারক বক্তৃতা ঃ** গত ১৫ আগস্ট, ২০০৯ তারিখে প্রতিবারের মতো এবারেও বিবেকানন্দ সভাগৃহে এই বক্তৃতার আয়োজন করা হয়েছিল। এবারে বক্তব্য রাখেন প্রেসিডেন্সি কলেজের বাংলা বিভাগের প্রধান অধ্যাপক ডঃ দিলীপ নাহা। তাঁর বক্তৃতার বিষয় ছিল—"রানী রাসমণির ব্যক্তিত্ব মহিমা"। ডঃ নাহার তথ্যসমৃদ্ধ চমৎকার বক্তৃতা সকলকে মুগ্ধ করে।


রানী রাসমণি স্মারক বক্তৃতায় ডঃ দিলীপ নাহা

**বার্ষিক সাধারণ সভা ঃ** গত ১৫ আগস্ট, ২০০৯ তারিখে বিদ্যামন্দিরের বিবেকানন্দ হলে প্রাক্তনী সংসদের বিংশতিতম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ডঃ সচ্চিদানন্দ ধর। সংসদ কর্মসচিব শ্রী মনোজকুমার ভট্টাচার্য ২০০৮-০৯ আর্থিক বছরে



স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতায় পূজনীয় স্বামী বিমলাত্মানন্দজী

সংসদের কর্মধারার বিস্তৃত প্রতিবেদন পেশ করেন এবং কোষাধ্যক্ষ শ্রী শুভজিৎ দত্ত আয়-ব্যয়ের হিসাব পেশ করেন। বিদায়ী কর্মসচিব তাঁর প্রতিবেদনে বিদ্যামন্দির ও প্রাক্তনী সংসদের কর্মযজ্ঞে প্রাক্তনীদের আরও বেশী করে অংশগ্রহণ করার আহ্বান জানান। সংক্ষিপ্ত আলোচনার পর সংসদের বার্ষিক আয়-ব্যয়ের পরীক্ষিত হিসাব সভায় সর্ব্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। এই সভাতেই পরবর্তী তিন বছরের জন্য সংসদের নতুন কর্মসমিতি গঠিত হয়।

**স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতা ঃ** গত ৫ সেপ্টেম্বর, ২০০৯ তারিখে বিদ্যামন্দিরের বিবেকানন্দ সভাগৃহে প্রাক্তনী সংসদ এই বক্তৃতার আয়োজন করে। এবারের অনুষ্ঠানে বক্তা হিসাবে ছিলেন বিদ্যামন্দিরের প্রাক্তন ছাত্র, বর্তমানে রামকৃষ্ণ মঠের অছি পরিষদ ও রামকৃষ্ণ মিশনের পরিচালন সমিতির অন্যতম সদস্য পূজনীয় শ্রীমৎ স্বামী বিমলাত্মানন্দজী মহারাজ। সভায় স্বাগত ভাষণ দেন সংসদ কর্মসচিব শ্রী মনোজকুমার ভট্টাচার্য। প্রারম্ভিক বক্তব্য রাখেন বিদ্যামন্দিরের সম্পাদক পূজনীয় শ্রীমৎ স্বামী দিব্যানন্দজী মহারাজ। এরপর পূজনীয় স্বামী বিমলাত্মানন্দজী মহারাজ "রামকৃষ্ণ মিশন ঃ আদর্শ ও ইতিহাস"—এই বিষয়ের উপর তাঁর মনোজ্ঞ ভাষণটি উপস্থাপিত করেন। অধ্যক্ষ পূজনীয় স্বামী ত্যাগরূপানন্দজী মহারাজ সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিদ্যামন্দিরের ছাত্রদের দ্বারা পরিবেশিত সঙ্গীতের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।



স্বামী তেজসানন্দ স্মারক কুইজ প্রতিযোগিতায় বিজয়ী দল

**স্বামী তেজসানন্দ স্মারক কুইজ প্রতিযোগিতা ২০০৯ ঃ** এই আকর্ষণীয় প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয় ডিসেম্বর ১৯ তারিখে। মোট ১৩টি কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী এতে অংশগ্রহণ করে। এই প্রতিযোগিতায় বিদ্যামন্দিরের ছাত্রবৃন্দ বিজয়ী হয় এবং দ্বিতীয় স্থান অধিকার করে রামকৃষ্ণ সারদা মিশন বিবেকানন্দ বিদ্যাভবনের ছাত্রীবৃন্দ। ১৩টি দল প্রথমে একটি লিখিত পরীক্ষায় বসে। সেখান থেকে পাঁচটি দলকে চূড়ান্ত পর্যায়ে তুলে আনা হয়। ১৩টি দলের সকল ছাত্র-ছাত্রীকে শংসাপত্র ও কিছু বই দেওয়া হয়। প্রসঙ্গত উল্লেখ্য, চ্যাম্পিয়ন দলের জন্য 'দেবেন্দ্রনাথ দত্ত-শিবরাণী দত্ত' স্মৃতি পুরস্কারটি দিয়েছেন প্রাক্তনী গোপীনাথ দত্ত এবং রানার্স দলের জন্য 'বিক্রমজিৎ-নীলিমা বক্সী' স্মৃতি পুরস্কার দিয়েছেন প্রাক্তনী জয়জিৎ বক্সী।



"আশা-জ্যোতি-কনফারেন্স হল"-এর উদ্বোধনে প্রাক্তনী ডাঃ দেবীপ্রসাদ চৌধুরী

**বিবেকানন্দ সম্মেলন ঃ** এবছরে (২০০৯-১০) বিবেকানন্দ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে দক্ষিণ দিনাজপুর জেলায়। গত ১৩ ডিসেম্বর, ২০০৯ তারিখে জেলাস্তরে সাফল্যের সঙ্গে চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে বালুরঘাটে এবং ১০ জানুয়ারী, ২০১০ বালুরঘাট শ্রীরামকৃষ্ণ আশ্রমে পুরস্কার বিতরণী সভা, যুবসম্মেলন ও শিক্ষক সম্মেলন অনুষ্ঠিত হবে। এ বছরেও রাজ্য ক্রীড়া ও যুবকল্যাণ দপ্তর থেকে আর্থিক অনুদান পাওয়া গেছে। পূর্ববর্তী বছরগুলোর মতো এবারের সম্মেলনেও আঞ্চলিক ও জেলা স্তরের ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার ব্যবস্থাপনায় প্রাক্তনী সংসদ ও বিদ্যামন্দিরের প্রতিনিধিরা অংশগ্রহণ করেছেন। এবারের বিবেকানন্দ সম্মেলন সম্পর্কে বিস্তারিত সংবাদ প্রাক্তনীবার্তার পরবর্তী সংখ্যায় পাওয়া যাবে।

**পুনর্মিলন উৎসব ঃ** আগামী ১৪ ফেব্রুয়ারি, ২০১০ তারিখে বিদ্যামন্দিরে অনুষ্ঠিত হবে একবিংশতিতম পুনর্মিলন উৎসব। এই সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি ও অনুষ্ঠানসূচী এবারের প্রাক্তনীবার্তাতে দেওয়া হল। প্রাক্তনীরা সেখান থেকে প্রয়োজনীয় তথ্য পেয়ে যাবেন। আমরা সকলেই চাই যত বেশী সংখ্যক সম্ভব প্রাক্তনী যেন এই উৎসবে যোগদান করেন।

প্রাক্তনী সংসদ তথা প্রাক্তনীরা একটি শিক্ষা প্রতিষ্ঠানের অন্যতম স্তম্ভস্বরূপ। তাই বিদ্যামন্দিরের নানা উন্নয়নমূলক কাজে বিদ্যামন্দিরের প্রাক্তনীদের সক্রিয়ভাবে এগিয়ে আসা অত্যন্ত জরুরী। আসুন আমরা সকলে মিলে এই কাজে ব্রতী হই।

**মনোজ কুমার ভট্টাচার্য**, *কর্মসচিব, প্রাক্তনী সংসদ*

# পুনর্মিলন উৎসব ২০১০

পবিত্র গঙ্গার তীরে স্বামী বিবেকানন্দ প্রতিষ্ঠিত বেলুড় মঠ। আর তারই সংলগ্ন জমিতে স্বামীজী পরিকল্পিত আবাসিক শিক্ষাকেন্দ্র—"বিদ্যামন্দির", যার নামকরণও স্বয়ং স্বামীজীর। স্বামীজীর স্বপ্ন ছিল এই বিদ্যায়তনে জ্ঞানার্জন করে ছাত্ররা যেন প্রকৃত মানুষ হয়ে উঠতে পারে। স্বামীজীর সেই স্বপ্নের সার্থক রূপায়ণ ঘটানোর চেষ্টায় দীর্ঘ সাতটি দশক সগৌরবে পথ চলেছে এই বিদ্যামন্দির। সেই একই স্বপ্নকে লালন করে নানাবিধ কল্যাণমূলক কাজ সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য, প্রাক্তনীদের মধ্যে এবং প্রাক্তনী ও বিদ্যামন্দিরের মধ্যে সংযোগ দৃঢ়তর করার লক্ষ্যে ১৯৮৭ সালে বিদ্যামন্দির কর্তৃপক্ষ ও বিশিষ্ট প্রাক্তনীদের যৌথ প্রচেষ্টায় গঠিত হয় 'বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ'। পুনর্মিলন উৎসবের আয়োজন প্রাক্তনী সংসদের বিবিধ কর্মকাণ্ডের মধ্যে অন্যতম। উৎসবের দিনটি প্রাক্তনীদের কাছে তাঁদের অনধিক পাঁচ বা সাত বছরের আনন্দঘন রঙীন স্মৃতিকে পুনরায় উজ্জীবিত করার দিন। বিদ্যামন্দিরের গণ্ডীর ভিতরে প্রবেশ করলেই প্রাক্তনীরা যেন আর 'প্রাক্তনী' থাকেন না। তাঁরা যেন নিজের পরিচিত পরিবেশে স্বজনদের কাছেই আবার ফিরে আসেন। তাঁদের দুটি চোখ খুঁজে বেড়ায় তাঁদের সমসাময়িক সতীর্থদের, শিক্ষকদের, সন্ন্যাসীদের, শিক্ষাকর্মী ও ছাত্রাবাসকর্মীদের। পক্ষান্তরে বহু বিদগ্ধ প্রাক্তন শিক্ষক ও সন্ন্যাসীবৃন্দও এই দিনটিতে বিদ্যামন্দিরে আসেন তাঁদের প্রিয় ছাত্রদের সঙ্গে মিলিত হওয়ার জন্য। ১১ ফেব্রুয়ারি, ২০০৭-এর পর দীর্ঘ তিনটি বছর অতিক্রান্ত। আগামী ১৪ ফেব্রুয়ারি, ২০১০ আমাদের বহু প্রতীক্ষিত পুনর্মিলন উৎসব। এই উৎসবে যোগদানের জন্য সকল প্রাক্তনীকে আমন্ত্রণ জানাই। কয়েকটি সংবাদপত্র ও বৈদ্যুতিন মাধ্যম মারফৎও উৎসবে যোগদানের আমন্ত্রণ জানানো হবে। তবুও প্রাক্তনীদের কাছে অনুরোধ তাঁদের পরিচিত প্রাক্তনীদের এই উৎসবের বার্তা পৌঁছে দেওয়ার জন্য। প্রাসঙ্গিক কয়েকটি তথ্য জানিয়ে রাখি—

১) **পুনর্মিলন উৎসবের ব্যয়নির্বাহের জন্য যোগদানকারী প্রাক্তনী সংসদের সদস্যসহ সকল প্রাক্তনীর জন্য মাথাপিছু ১২৫ টাকা এবং তাঁদের সঙ্গে আসা অতিথিদের জন্য মাথাপিছু ১০০ টাকা অনুদান ধার্য করা হয়েছে। এই টাকা পুনর্মিলন উৎসবের দিনে এসে দিলেই চলবে।**

২) **পুনর্মিলন উৎসবের অনুষ্ঠানসূচী**

| | | |
|---|---|---|
| শ্রীভবন প্রার্থনাকক্ষে বিশেষ পূজা | — | সকাল ৭.০০ |
| বিদ্যামন্দির প্রাঙ্গণে পতাকা উত্তোলন | — | সকাল ৮.৩০ |
| প্রাতরাশ | — | সকাল ৮.৩০-১০.০০ |
| প্রদর্শনী ভলিবল ম্যাচ | — | সকাল ৯.০০-১০.০০ |
| সাংস্কৃতিক অনুষ্ঠান | — | বেলা ১০.৩০-১২.০০ |
| মধ্যাহ্নভোজন | — | দুপুর ১২.৩০ |
| আলোচনা সভা ও পুনর্মিলন সভা | — | দুপুর ২.৩০-৪.৩০ |
| চা পান | — | বিকাল ৪.৩০-৪.৪৫ |
| সান্ধ্য সাংস্কৃতিক অনুষ্ঠান | — | বিকাল ৫.০০-৬.১৫ |
| সন্ধ্যারতি | — | সন্ধ্যা ৬.৩০ |

**প্রয়োজনে অনুষ্ঠানসূচীর কিছু পরিবর্তন হতে পারে।**

৩) সকালের সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণেচ্ছু প্রাক্তনীরা পুনর্মিলন উপসমিতির আহ্বায়ক অধ্যাপক তপন কুমার ঘোষের ( ৯৮৩৬৬১৮১৪৩) সঙ্গে অগ্রিম যোগাযোগ করতে পারেন।

আশা করি আপনাদের সোৎসাহ অংশগ্রহণে আগামী ১৪ ফেব্রুয়ারি বিদ্যামন্দির প্রাঙ্গণ পুনরায় আনন্দমুখর হয়ে উঠবে।

**সুশান্ত দে**, *যুগ্ম কর্মসচিব, প্রাক্তনী সংসদ*

# New Executive Committee 2009-2012

New Executive Committee was formed for the next three years in the last Annual General Meeting held on August 15, 2009. Names of the office bearers and other members are given below together with their academic session in the Vidyamandira and telephone numbers.

**Patrons :**

| | |
|---|---|
| Swami Divyananda (1969-72) [Secretary] | 2654-5892/4848/6408 |
| Swami Atmapriyananda [Principal (on lien)] | 2654-9999, 9830216636 |
| Swami Tyagarupananda [Principal (Offg)] | 2654-9181/9632, 9433422418 |
| Sri Nachiketa Bharadwaj (1941-43) | 2341-0870 |
| Sri Satchidananda Dhar (1941-43) | 2442-0453 |

**President :**

| | |
|---|---|
| Sri Biswanath Das (1959-61) | 2654-2306/9830520695 |

**Vice President :**

| | |
|---|---|
| Sri Nityaniranjan Kundu (1959-61) | 2654-3916 |
| Sri Tapan Kumar Ghosh (1969-73) | 2654-3733, 9836618143 |

**Secretary :**

| | |
|---|---|
| Sri Manoj Kumar Bhattacharyya (1979-82) | 2558-7558, 9831464660 |

**Joint Secretary :**

| | |
|---|---|
| Sri Susanta Dey (1984-87) | 2664-9919, 9433346353 |
| Sri Anup Kumar Das (1982-86) | 2654-4157, 9433179466 |

**Treasurer :**

| | |
|---|---|
| Sri Kalyan Bandyopadhyay (1967-71) | 2622-0032, 9432247257 |

**Members :**

| | |
|---|---|
| Sri Tuhin Kumar Ganguli (1955-57) | 2577-5107, 9883026880 |
| Sri Ashish Roy (1955-57) | 2668-2268, 9339795997 |
| Sri Ajit Dolui (1968-71) | 2415-0456 |
| Sri Goutam Goswami (1973-76) | 2430-0060, 9830420624 |
| Sri Hemadri Chattopadhyay (1988-91) | 2662-0161, 9433110497 |
| Sri Shuvendu Majumder (1990-93) | 03451-276216, 9434574124 |
| Sri Suvojit Dutta (1992-97) | 2654-4669, 9433451591 |
| Sri Goutam Mukherjee (1994-97) | 9830188805 |

**Permanent Invitees :**

| | |
|---|---|
| Swami Shastrajnananda (1986-88) | 2654-9181/9632, 9432090889 |
| Sri Tulsidas Bandyopadhyay (1979-83) | 03212-242151, 9433319828 |

# A HUMBLE APPEAL

Ramakrishna Mission Vidyamandira Alumni Association is earnestly trying since its inception, to associate itself with the activities of the Vidyamandira to serve Vidyamandira better. Vast is our desire but limited is our ability. Yet we are trying to overcome that barrier. For supplying purified drinking water in the Vidyamandira campus, the Alumni Association has already installed eight "Aquaguard" purifiers. Pecuniary help, though small, is also extended to the students of the Vidyamandira. We therefore, urge the esteemed alumni of our Vidyamandira to donate generously for the following ongoing programmes.

1. **Praktani Varta**

We are trying to publish this newsletter twice a year, but its cost is gradually increasing. We receive regular contributions from our distinguished alumni Dr. Subrata Ganguly and Dr. Dhiman Ganguly. We gratefully acknowledge their help. Yet we want to create a fund of Rs. 5 Lakh for its smooth and regular publication.

2. **Scholarships to the Poor Students**

It is a matter of great pleasure to announce that the graduates of 1971 contributed more than Rs. 7 lakh as endowment for scholarship to poor students of Vidyamandira. Numerous alumni also regularly help the present students personally. With the progress of time the number of poor and meritorious students is increasing gradually. The Alumni Association bears the burden to some extent. To support these students financially we wish to create another endowment fund of at least Rs. 6 lakh. We invite the same type of enterprise and assistance from other batches as well as from individuals.

3. **Health Care Project**

The Association has taken a new initiative in its Health Care Project alongwith Belur Shramajibi Swasthya Prakalpa Samity (Shramajibi Hospital). We bear a part of the cost of treatment of some of the poor patients treated at the Hospital. The number of such needy patients is increasing gradually. Financial assistance is also given to poor students of Vidyamandira for their medical treatment. We gratefully acknowledge the receipt of annual contribution from Dr. Satyabrata Paul, Shri Debasis Ghosh and Shri Ananda Mohan Ghosh of Sura-Bani-Parna Janaseba Kendra. But for this purpose a substantial amount is required to fulfil the needs of such poor patients and students. To meet these expenses we wish to create an endowment fund of Rs. 9 lakh. We appeal to our alumni to donate generously.

4. **Vivekananda Sammelan**

Once initiated by the Alumni Association, Vivekananda Sammelan is being organised now by Ramakrishna Mission Vidyamandira every year selecting a district of West Bengal. Alumni Association is actively co-operating with this noble project. Although last year Vidyamandira received a lump sum grant from Govt. of West Bengal for this project, Alumni Association deeply feels to increase its share of help gradually.Thus, to fulfil our desire we need to build up a fund of Rs. 5 Lakh for this project.

**Please note**

- Those who want to donate for any of the above projects, please mention the name of the project in your letter.
- Cheque or draft should be in favour of **"Ramakrishna Mission Vidyamandira Alumni Association"**.
- If the donation is meant for commemorating someone kindly mention it in your letter.

—**Manoj Kumar Bhattacharyya**, Secretary

# News from the Vidyamandira
## (July — December 2009)

**Memorial Lectures :** The Vidyamandira foundation day lecture was organized this year on 7 July. The speaker was Swami Shivamayanandaji Maharaj, a senior trustee of the Ramakrishna Mission and an ex-Principal of the college. The Vidyamandira Patrika for the session 2008-2009 was formally published on that occasion. The detailed information of two other memorial lectures organized by the Alumni Association during the period under review are available in this issue in the report of the Secretary of the Association.

**Seminar and Other Lectures :** Dr. Manju Banerjee, retired Professor of Botany, CU, spoke on 'Environment : Past, Present and Future' on 18.07.09. Dr. Darshan Chowdhury, retired Professor of Bengali, Kalyani University, delivered a lecture on 'Third Theatre and Badal Sarkar' at Teachers' Colloquium on 1.08.09. On 17.09.09 the Bengali Department in collaboration with Folkloristics (an e-journal) organized a one-day seminar on 'Lokasanskriti'. On 4.11.09 Prof. Subhendu Dasgupta, retired Professor, CU, talked on 'Land Economics : Some Relevant Questions'. Political Science Department organised a seminar lecture where Prof. Dipesh Chakraborty a renowned Social Scientist and Professor of Chicago University delivered a talk on 'Nimnaborger Itihas O Rajniti' at the newly constructed 'Asha Jyoti Conference Hall' on 22 December 2009.

**New Appointments :** Dr. Chandramadhab Pal was appointed Head of the Department of Physics w.e.f. 1 February 2009. Dr. Soumyajyoti Chakraborty and Dr. Swarup Roy have been appointed Heads of the Departments of History and English respectively w.e.f. 1 July 2009.

**Retirement :** Dr. Chandramadhab Pal, thereafter retired w.e.f. 1 December 2009, after his long association with the Vidyamandira as a teacher.



বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার প্রথম পর্যায়ের পুরস্কার বিতরণে শ্রী দিলীপ পাল

**NCC and NSS Activities :** A blood donation camp was organized under the auspices of Haemophilia Society, Kolkata Chapter on 13 September 2009 when about 100 students participated. Like previous years, Indian Academy of Health and Hygiene rendered a training programme on 'First Aid' for the students of Vidyamandira on 7, 8 and 9 September. Five students of Vidyamandira under the guidance of Swami Tyagarupananda and Swami Sarvapremananda took part in the North-Eastern Youth Festival, 2009 organised by Ministry of Youth Affairs and Sports, Govt of India, at Kohima, Nagaland from 8 to 10 October 2009.

**Educational Exhibition :** The biennial Educational Exhibition of the college was held during the period 23-25 December, 2009. Most revered Srimat Swami Atmasthanandaji Maharaj, President of the Ramakrishna Math and Ramakrishna Mission inaugurated the exhibition at 10.30 am on 23rd December. Prof. Subha Sankar Sarkar, DPI, Higher Education Department, Govt. of West Bengal, was the Chief Guest and Dr. Tinku Acharya, a renowned Computer Scientist, was the special Guest in the inaugural function. Altogether 15 departments (13 Hons & Major subjects, Photography, Spiritual Heritage and Ramakrishna Movement) demonstrated the exhibits with full enthusiasm. Rev. Srimat Swami Prameyanandaji Maharaj, one of the Vice-Presidents of the Ramakrishna Order, Ratnabali Banerjee, Regional Secretary, ERO, UGC, and several other dignitaries visited the exhibition on different dates.

**Sports and Games :** The first phase of the Prize Distribution ceremony of the annual sports and games of Vidyamandira was held on 20 December 2009. Sri Dilip Pal, a renowned footballer of yesteryears was the honourable guest in this function. At the end of the Tejasananda Memorial Cricket match Sri Pal gave away the prizes of all the indoor and outdoor games except badminton and athletics.

**Examination Result :** The results of the Calcutta University Examinations have been announced. The table below shows the detailed results :

| | Part III Final Exam | | | | Part II | | Part I | |
|---|---|---|---|---|---|---|---|---|
| Subject | Appeared | 1st Class | 2nd Class | Failed | Appeared | 1st Class | Appeared | 1st Class |
| Physics | 25 | 23 | 2 | - | 27 | 23 | 22 | 9 |
| Chemistry | 30 | 27 | 3 | - | 24 | 16 | 26 | 22 |
| Maths | 19 | 16 | 1 | 2 | 13 | 10 | 18 | 12 |
| Microbio | 12 | 8 | 4 | - | 10 | 2 | 12 | 5 |
| Economics | 16 | 3 | 13 | - | 11 | 2 | 14 | 5 |
| Pol. Sc. | 5 | 1 | 4 | - | 5 | 1 | 11 | 0 |
| History | 11 | 1 | 10 | - | 10 | - | 10 | 3 |
| Philosophy | 8 | 3 | 5 | - | 6 | 1 | 10 | 0 |
| Sanskrit | 7 | 5 | 2 | - | 9 | 2 | 11 | 6 |
| English | 8 | - | 8 | - | 12 | 2 | 8 | 3 |
| Bengali | 13 | - | 13 | - | 10 | 4 | 10 | 2 |
| Com App (M) | 8 | 8 | - | - | 10 | 9 | 11 | 7 |
| Ind Chem (M) | 8 | 8 | - | - | 10 | 9 | 11 | 10 |

One student of B.A. Part I failed to score qualifying marks in his Hons. subject. All other students of Part I & Part II courses have been qualified for the next university exam. We should mention in this context that the results of all these three exams undergo some changes after the results of re-examination by the University get published. Some of the students of the final year batch who passed the Part III exam also performed excellent results in the entrance tests for Post Graduate courses of institutes like IIT, ISI, IISC, DSE, JNU, TIFR (Mumbai and Bangalore). Some students of Sanskrit, Bengali and Mathematics have also got admitted to the Post Graduate courses of these subjects offered by the Vidyamandira. Results of M.A. Part I exam of three autonomous PG courses run by Vidyamandira have been published. 5 students of Mathematics (out of 9), all the 7 students of Sanskrit and 15 students of Bengali (out of 16) have secured 1st class. One student of 2nd yr M.A. Sanskrit has qualified the SET Exam, 2009.

**Prof. Tapan Kumar Ghosh**



শিক্ষামূলক প্রদর্শনীর উদ্বোধন করছেন
পরম পূজনীয় সংঘাধ্যক্ষ মহারাজ



শিক্ষামূলক প্রদর্শনীর একটি কক্ষে
বিশিষ্ট প্রাক্তনী ডাঃ জয়ন্ত রায়চৌধুরী



স্বামী তেজসানন্দ স্মারক ক্যুইজ প্রতিযোগিতায়
রানার্স আপ দল


প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমন্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক ঃ অধ্যাপক নিত্যনিরঞ্জন কুণ্ডু

সদস্যবৃন্দ ঃ ডঃ বিশ্বনাথ দাস, অধ্যাপক তপন কুমার ঘোষ, শ্রী মনোজ কুমার ভট্টাচার্য, শ্রী সুশান্ত দে, স্বামী শাস্ত্রজ্ঞানন্দ

**প্রাক্তনীবার্তা প্রকাশনায় আর্থিক সহায়তা ঃ ডঃ সুব্রত গাঙ্গুলি (প্রাক্তনী), ডাঃ ধীমান গাঙ্গুলি (প্রাক্তনী)**


**BOOK POST**

PRINTED MATTER


**If undelivered, please return to :**
**Ramakrishna Mission Vidyamandira Alumni Association, P.O. : Belur Math, Howrah, West Bengal-711202**
**E-mail : alumnividyamandira@gmail.com • Website : www.alumnividyamandira.in**



Published by Manoj Kumar Bhattacharyya, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association

Printed at Soumen Traders Syndicate, Bally, Howrah, Ph. : 2654-3536